

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-G-SEC-T-1

(সাহিত্য পাঠদান ও প্রয়োগবৈচিত্র্য)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- ক) সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রে শ্রোতার ভূমিকা কী?
- খ) সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রের আহ্বায়কের কাজ কী?
- গ) দুটি শব্দের মধ্যে দূরত্ব কমানোর জন্য কী চিহ্ন ব্যবহার করা হয় উদাহরণসহ লেখো।
- ঘ) প্রফ সংশোধনের সময় কোন্ কোন্ বিষয়ে নজর দেওয়া হয়?
- ঙ) নাটকে কথক চরিত্র কাকে বলে?
- চ) গ্রন্থ কীভাবে পর্যালোচনা করা হয়? দুটি বাক্যে লেখো।

(পরের পাতায়)

ছ) গ-ত্ব বিধান কী?

জ) বাংলা ভাষায় যেকোনো দুই ধরনের বানান বিধির নাম করো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) শ্রেণিকক্ষে সাহিত্য-পাঠদানের ক্ষেত্রে লেখক-পরিচিতি সম্পর্কে ছাত্রছাত্রীদের অবহিত করার প্রয়োজন কোথায়?

খ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানে টেক্সট বুক রিডিং-এর গুরুত্ব কতদূর?

গ) ছোটগল্পের নাট্যরূপ প্রস্তুতির ক্ষেত্রে কোন্ কোন্ দিক সম্পর্কে নাট্যকারের সতর্কতা আবশ্যিক বলে মনে করো?

ঘ) গ্রন্থ-সমালোচনায় বইয়ের প্রশংসা শুধু নয়, বরং দোষত্রুটি ও সম্ভাবনার দিকগুলি দেখানো সমালোচনার ক্ষেত্রে কেন বেশি জরুরি?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) শ্রেণিকক্ষে প্রত্যক্ষ পাঠদানের সঙ্গে অনলাইন পদ্ধতিতে পাঠদানের পারস্পরিক সুবিধা-অসুবিধার দিকগুলি আলোচনা করো।

খ) তোমার পঠিত একটি ছোটগল্পের নাট্যরূপ প্রস্তুত করো।

গ) তোমার পঠিত একটি নাটকের গঠনমূলক সমালোচনা লেখো।

ঘ) 'আধুনিক বাংলা সাহিত্যে রবীন্দ্র-প্রভাব'— এই বিষয়ে আলোচনাসভার সম্ভাব্য বিষয়সূচি প্রণয়ন করো।